গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

**পরিপত্র**

বিষয়: ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা জারি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে "সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে (পতাকা-ক, পতাকা-খ, পতাকা-গ) ।

২। এ নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি ও প্রমাণক, গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত ছক অন্তর্ভুক্ত রয়েছে।

৩। ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য প্রণীত নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে;

খ) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: বর্ণনামতে।


Sultana
১৩-৪-২০২১
নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল:
inar_sec@cabinet.gov.bd


বিতরণ:

১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা

২) সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৩) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিব/সচিব (সকল)

৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা

৬) সচিব, জন বিভাগ

৭) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৮) সচিব , সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

৯) সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন

১০) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন

১১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

১২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

১৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্স ও নোটিশ বোর্ডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৫) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ